



স্কটল্যান্ডকে ৩-০ গোলে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন ব্রাজিল



ছবি: সংগৃহীত

স্কটল্যান্ডকে ৩-০ গোলে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হিসেবে নকআউট পর্ব নিশ্চিত করেছে ব্রাজিল। একই ম্যাচে প্রায় তিন বছর পর জাতীয় দলের জার্সিতে মাঠে ফিরেছেন তারকা ফরোয়ার্ড নেইমার।

বৃহস্পতিবার (২৫ জুন) মিয়ামির হার্ড রক স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে শুরু থেকেই আধিপত্য দেখায় ব্রাজিল। জোড়া গোল করেন ভিনিসিউস জুনিয়র, আর একটি গোল যোগ করেন মাতেউস কুনিয়া।

ম্যাচের সপ্তম মিনিটে দলের হয়ে প্রথম গোল করেন ভিনিসিউস। প্রথমার্ধের যোগ করা সময়েও তিনি আবার স্কটল্যান্ডের জালে বল জড়ান। দ্বিতীয়ার্ধে ব্রুনো গিমারেইসের পাস থেকে ব্যবধান ৩-০ করেন কুনিয়া।

তবে ম্যাচের অন্যতম আকর্ষণ ছিল নেইমারের প্রত্যাবর্তন। ২০২৩ সালের অক্টোবরের পর প্রথমবার জাতীয় দলের হয়ে মাঠে নামেন তিনি। বদলি হিসেবে মাঠে নামার সময় দর্শকদের করতালিতে অভিষিক্ত হন ব্রাজিলিয়ান এই তারকা।

এই জয়ে সাত পয়েন্ট নিয়ে গ্রুপ 'সি'-এর শীর্ষে থেকে শেষ ৩২ নিশ্চিত করেছে ব্রাজিল। একই গ্রুপ থেকে রানার্সআপ হিসেবে নকআউট পর্বে উঠেছে মরক্কো।

টুর্নামেন্টে এখন পর্যন্ত চার গোল করে সর্বোচ্চ গোলদাতাদের তালিকায় নিজের অবস্থান আরও শক্ত করেছেন ভিনিসিউস।